বষট্, ওঁ সৈং অনামিকাভ্যাং হুং, ওঁ সৌং কনিষ্ঠাভ্যাং বৌষট্, ওঁ সঃ করতল পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ॥ **অঙ্গন্যাস** — ওঁ সাং হৃদয়ায় নমঃ, ওঁ সীং শিরসে স্বাহা, ওঁ সুং শিখায়ৈ বষট্, ওঁ সৈং কবচায় হুং, ওঁ সৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ সঃ করতল পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ॥ **ধ্যান**— ওঁ রক্তাম্বুজাসনমশেষগুণৈক সিন্ধুং, ভানুং সমস্ত জগতামধিপং ভজামি, পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করা জ্বৈর্মানিক্যমৌলি মরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্ ॥ এতে গন্ধপুষ্পে ওঁ নমঃ শ্রী সূর্য্যায় নমঃ, পাদ্যং শ্রীসূর্য্যায় নমঃ, অর্ঘ্যং শ্রীসূর্য্যায় নমঃ, এষ ধুপ-দীপ শ্রীসূর্য্যায় নমঃ, এতন্নৈবেদ্যং শ্রীসূর্য্যায় নমঃ, ইদং পানীয়জলং শ্রীসূর্য্যায় নমঃ, পুনরাচমনীয়ং শ্রীসূর্য্যায় নমঃ ॥ **প্রণাম**— ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্ব্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্ ॥ **সূর্য্যার্ঘ্য**— কুশিতে দূর্ব্বা, আতপ চাল, জবাপুষ্প, রক্তচন্দন বা যে কোনও লাল ফুল ও দুগ্ধ হরিতকী লইয়া পূর্ব্বমুখ হইয়া বলিবেন— বং এতস্মৈ অর্ঘ্যায় নমঃ, বলিয়া জলের ছিটা দিবেন, এতে গন্ধপুষ্পে অর্ঘ্যায় নমঃ, এতৎ অধিপতপয়ে শ্রীবিষ্ণবে নারায়ণায় নমঃ, এতৎ সম্প্রদানায় শ্রীসূর্য্য নারায়ণায় নমঃ ॥ বিষ্ণুরোম্ তৎসদ্য অমুকে মাসি, অমুকেপক্ষে, অমুকরাশিস্থে ভাস্করে, অমুকগোত্র, শ্রীঅমুক দেবশর্ম্মা শ্রীবিষ্ণু প্রীতিকামঃ ইদম্ অর্ঘ্যং শ্রীসূর্য নারাণায় দানমহং করিষ্যে। **মন্ত্র**— ওঁ নমো বিবস্বতে ব্রহ্মণ্ ভাস্বতে বিষ্ণুতেজসে জগৎ সবিত্রে শুচয়ে সাবিত্রে কর্ম্মদায়িনে। এহি সূর্য্যঃ সহস্রাংশো তেজোরাশে জগৎপতে। অনুকম্পায় মাং ভক্তং গৃহাণার্ঘ্যং দিবাকর। এষ অর্ঘ্যঃ ওঁ নমো ভগবতে শ্রীসূর্য্যায় নমঃ বলিয়া কুশিটি তাম্রপাত্রে ঢালিয়া দিবেন। **নারায়ণ পূজা**– **করন্যাস**— ওঁ নাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ নীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ নূং মধ্যমাভ্যাং বষট্, ওঁ নৈং অনামিকাভ্যাম্ হুম্, ওঁ নৌং কনিষ্ঠাভ্যাম্ বৌষট্, ওঁ নঃ করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ॥ **অঙ্গন্যাস**— ওঁ নাং হৃদয়ায় নমঃ, ওঁ নীং শিরসে স্বাহা, ওঁ নুং শিখায়ৈ বষট্, ওঁ নৈং কবচায় হুং, ওঁ নৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ নঃ করতলপৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ॥ **ধ্যান**— ওঁ শান্তাকারং ভুজগ শয়নম্ পদ্মনাভং সুবেশম্। বিশ্বারং গগন সদৃশং মেঘবর্ণং শুভাঙ্গম্ ॥ লক্ষ্মীকান্তং কমলনয়নং যোগীভীর্ধ্যানগম্যং। বন্দে বিষ্ণু ভবভয়হরং

সর্ব্বলোকৈক নাথম্ ॥ **অথবা** ওঁ ধ্যেয় সদা সবিতৃমণ্ডল মধ্যবর্ত্তী নারায়ণঃ সরসিজাসন সন্নিবিষ্টঃ। কেয়ুরবান্ কনক-কুন্ডলবান্, কিরীটীহারী হিরন্ময়বপু ধৃতশঙ্খচক্রঃ ॥ এতে গন্ধেপুষ্পে ওঁ নারায়ণায় নমঃ, এতৎ পাদ্যং ওঁ নারায়ণায় নমঃ, এতৎ সচন্দন তুলসীপত্রম্ ওঁ নমস্তে বহুরূপায় বিষ্ণবে নারায়ণায় নমঃ, এষ ধূপ-দীপ ওঁ নারায়ণায় নমঃ, এতন্নৈবেদ্যং ওঁ নারায়ণায় নমঃ, ইদম্ পানীয় জলম্ ওঁ নারায়ণায় নমঃ, পুনরাচমনীয়ম্ ওঁ নারায়ণায় নমঃ ॥ **প্রণাম**— ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণ হিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ ॥ **শিবপূজা– করন্যাস**— ওঁ শাং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ, ওঁ শীং তর্জ্জনীভ্যাং স্বাহা, ওঁ শূং মধ্যমাভ্যাং বষট্, ওঁ শৈং অনামিকাভ্যাং হুং, ওঁ শৌং কনিষ্ঠাভ্যাম্ বৌষট্, ওঁ শঃ করতল পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্। **অঙ্গন্যাস**— ওঁ শাং হৃদয়ায় নমঃ, ওঁ শীং শিরসে স্বাহা, ওঁ শূং শিখায়ৈ বষট্, ওঁ শৈং কবচায় হুং, ওঁ শৌং নেত্রত্রয়ায় বৌষট্, ওঁ শঃ করতল পৃষ্ঠাভ্যাম্ অস্ত্রায় ফট্ ॥ **ধ্যান**— ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজত গিরিনিভং চারুচন্দ্রাবতংসং, রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশু-মৃগ-বরাভীতিহস্তং প্রসন্নম্। পদ্মাসীনং সমন্তাৎস্তুতমমরগণৈর্ব্ব্যাঘ্রকৃত্তিং বসানং, বিশ্বদ্যং বিশ্ববীজং নিখিল ভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্ ॥ এতে গন্ধপুষ্পে ওঁ নমঃ শিবায়, এতৎ পাদ্যং ওঁ নমঃ শিবায়, এষ অর্ঘ্যং ওঁ নমঃ শিবায়, এষ ধূপ-দীপ ওঁ নমঃ শিবায়, এতন্নৈবেদ্যং ওঁ নমঃ শিবায়, ইদম্ পানীয়জলম্ ওঁ নমঃ শিবায়, পুনরাচমনীয়ম্ ওঁ নমঃ শিবায়। এতৎ সচন্দন বিল্বপত্রং ওঁ নমঃ শিবায় ॥ বম্ বম্ বম্ বম্ মন্ত্রে গাল ও বগল বাজাইবেন ॥ **প্রণাম**— ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয় হেতবে। নিবেদয়ামি চাত্মানং ত্বং গতিঃ পরমেশ্বরঃ ॥ **জয়দুর্গার ধ্যান**— ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈররিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দু রেখাং। শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপিকরৈ রুদ্বহন্তিং ত্রিনেত্রাম্ ॥ সিংহ স্কন্ধাধিরূঢ়াং ত্রিভুবনমখিলাং তেজসা পুরয়ন্তীম্। ধ্যায়েৎ দুর্গাং জয়াখ্যাং ত্রিদশপরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ ॥ এতে গন্ধপুষ্পে ওঁ জয়দুর্গায়ৈ নমঃ, সমস্ত পূর্ব্ববৎ ॥ **প্রণাম**— সর্ব্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে। শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণী নমোঽস্তুতে ॥

আপদুদ্ধারকল্পে শ্রীদুর্গাষ্টক স্তোত্রম্

নমস্তে শরণ্যে শিবে সানুকম্পে, নমস্তে জগদ্ব্যাপিকে বিশ্বরূপে।
নমস্তে জগদ্বন্দ্য-পাদারবিন্দে, নমস্তে জগত্তারিণী ত্রাহি দুর্গে ॥ ১ ॥
নমস্তে জগচ্চিন্ত্যমান স্বরূপে, নমস্তে মহাযোগিণী জ্ঞানরূপে।
নমস্তে সদানন্দনন্দস্বরূপে, নমস্তে জগত্তারিণী ত্রাহি দুর্গে ॥ ২ ॥
অনাথস্য দীনস্য তৃষ্ণাতুরস্য, ভয়ার্ত্তস্য ভীতস্য বদ্ধস্য জন্তোঃ।
ত্বমেকা গতির্দ্দেবি নিস্তারদাত্রি, নমস্তে জগত্তারিণী ত্রাহি দুর্গে ॥ ৩ ॥
অরণ্যে রণে দারুণে শত্রুমধ্যেঽনলে, সাগরে প্রান্তরে রাজগেহে।
ত্বমেকা গতির্দ্দেবি নিস্তারহেতুর্নমস্তে জগত্তারিণী ত্রাহি দুর্গে ॥ ৪ ॥
অপারে মহাদুস্তরেঽত্যন্তঘোরে বিপৎসাগরে মজ্জতাং দেহভাজাম্।
ত্বমেকা গতির্দ্দেবি নিস্তারনৌকা, নমস্তে জগত্তারিণী ত্রাহি দুর্গে ॥ ৫ ॥
নমশ্চণ্ডিকে চণ্ডদোর্দ্দণ্ড-লীলা-সমুৎখণ্ডিতা খণ্ডলাশেষভীতে।
ত্বমেকা গতির্ব্বিঘ্নসন্দোহহন্ত্রী, নমস্তে জগত্তারিণী ত্রাহি দুর্গে ॥ ৬ ॥
নমো দেবি দুর্গে শিবে ভীমনাদে, সরস্বত্যরুন্ধত্যমোঘস্বরূপে।
বিভূতিঃ শচী কালরাত্রিঃ সতীত্বং, নমস্তে জগত্তারিণী ত্রাহি দুর্গে ॥ ৭ ॥
ত্বমেকাজিতারাধিতা সত্যবাদিন্যমেয়াজিতা ক্রোধনাক্রোধনিষ্ঠা।
ইড়া পিঙ্গলা ত্বং সুষুম্না চ নাড়ী, নমস্তে জগত্তারিণী ত্রাহি দুর্গে ॥ ৮ ॥
শরণামপি সুরাণাং সিদ্ধবিদ্যাধরাণাং,
মুনিদনুজ-নরাণাং ব্যাধিভিঃ পীড়িতানাম্।
নৃপতি-গৃহ-গতানাং দস্যুভিস্ত্রাসিতানাং,
ত্বমসি শরণমেকা দেবি দুর্গে প্রসীদ ॥ ৯ ॥
ইদং স্তোত্রং ময়া প্রোক্তমাপদুদ্ধারহেতুকম্,
ত্রিসন্ধ্যমেকসন্ধ্যং বা পঠনাদেব সঙ্কটাৎ।
মুচ্যতে নাত্র সন্দেহো ভুবি স্বর্গে রসাতলে ॥ ১০ ॥

সমস্তং শ্লোকমেকং বা যঃ পঠেৎ ভক্তিতঃ সদা।
সর্ব্বদুষ্কৃতং ত্যক্ত্বা প্রাপ্নোতি পরমাং গতিম্ ॥ ১১ ॥
পঠনাদস্য দেবেশি কিং না সিধ্যতি ভূতলে।
স্তবরাজমিদং দেবি সংক্ষেপাৎ কথিতং ত্বয়ি ॥ ১২ ॥
॥ ইতি বিশ্বসারতন্ত্রে আপদুদ্ধারকল্পে শ্রীদুর্গাষ্টক স্তোত্রম্ সমাপ্তম্ ॥

ব্রহ্মবৈবর্ত্ত মহাপুরাণকৃত শ্রীকৃষ্ণ স্তোত্রম্

(শ্রীগর্গ উবাচ)

হে কৃষ্ণ জগতাং নাথ ভক্তানাং ভয়ভঞ্জন।
প্রসন্নো ভব মামীশ দেহী দাস্যং পদম্বুজে ॥
ত্বৎপিত্রা মে ধনং দত্তং তেন কিং মে প্রয়োজনম্।
দেহি মে নিশ্চলাং ভক্তিং ভক্তানামভয়প্রদাম্ ॥
অণিমাদিষু সিদ্ধেষু যোগেষু মুক্তিষু প্রভো।
জ্ঞানতত্ত্বেম্বতত্ত্বেষু কিঞ্চিন্নাস্তি স্পৃহা মম ॥
ইন্দ্রত্বে বা মনুষ্যত্বে স্বর্গভোগং ফলং চিরং।
নাস্তি মে মনসো বাঞ্ছা ত্বৎপাদসেবনং বিনা ॥
সালোক্য-সার্ষ্টি সামিপ্য-সারূ-প্যৈকত্বমীপ্সিতম্।
নাহং গৃহ্ণামি তে ব্রহ্মত্বৎপাদসেবনং বিনা ॥
গোলকে বাপি পাতালে বাসে তুল্যং মনোরথম্।
কিন্তু তে চরণাম্ভোজে সন্ততং স্মৃতিরস্তু মে ॥
বেদাঙ্গ শঙ্করাৎ প্রাপ্য কতিজন্মোফলোদয়াৎ।
সর্ব্বজ্ঞোঽহং সর্ব্বদর্শী সর্ব্বত্র গতিরস্তি মে ॥
কৃপাং কুরু কৃপাসিন্ধো দীনবন্ধো পদাম্বুজে।
রক্ষ মামভয়ং দত্ত্বা মৃত্যুর্ম্মে কিং করিষ্যতি ॥
সর্ব্বেষামীশ্বরোঃ সর্ব্বস্ত্বৎপাদাম্ভোজসেবয়া।
মৃত্যুঞ্জয়োঽন্তকারশ্চ বভূব যোগিনাং গুরুঃ ॥

ব্রহ্মা বিধাতা জগতাং ত্বৎপাদাম্ভোজসেবয়া ।
যস্যৈকদিবসে ব্রহ্মন্ পতন্তীন্দ্রাশ্চতুর্দ্দশঃ ॥
যৎপাদসেবয়া ধর্ম্মঃ সাক্ষী চ সর্ব্বকর্ম্মণাম্।
পাতা চ ফলদাতা চ জিত্বা কালং সুদুর্জ্জয়ম্ ॥
সহস্রবদনঃ শেষো যৎপাদপদ্মসেবয়া।
ধত্তে সিদ্ধার্থবদ্বিশং শিরসা চৈব মেদিনীম্ ॥
সর্ব্বসম্পদ্বিধাত্রী চ যা দেবী ত্বৎ পরাৎপরা।
করোতি সততং লক্ষ্মী কেশৈস্ত্বৎপাদমার্জ্জনম্ ॥
প্রকৃতির্বীজরূপা সা সর্ব্বেষাং শক্তিরূপিণী।
স্মারং স্মারং ত্বৎপদাব্জং বভূব ত্বৎ পরাৎপরা ॥
পার্ব্বতী সর্ব্বদেবী সা সর্ব্বেষাং বুদ্ধিরূপিণী।
ত্বৎপাদসেবয়াং কান্তং ললাভ শিবমীশ্বরম্ ॥
বিদ্যাধিষ্ঠাতৃদেবী যা জ্ঞানমাতা সরস্বতী।
পূজ্যা বভূব সর্ব্বেষাং ত্বৎপাদাম্ভোজসেবয়া ॥
সাবিত্রী বেদমাতা চ পুনাতি ভুবমত্রয়ম্ ।
ব্রহ্মণো ব্রাহ্মণানাঞ্চ গতিস্ত্বৎ পাদসেবয়া ॥
ক্ষমা জগদ্বিধর্ত্তুঞ্চ রত্নগর্ভা বসুন্ধরা।
প্রসূতা সর্ব্বশস্যানাং ত্বৎপাদপদ্মসেবয়া ॥
রাধা বামাংশ সম্ভূতা তব তুল্যা চ তেজসা।
স্থিতা বক্ষসি তে পাদং সেবতেঽন্যস্য কা কথা ॥
যথা শর্ব্বাদয়ো দেবা দেব্যঃ পদ্মাদয়ো যথা।
তৎসমং নাথ কুরু মমীশ্বরস্য সমা কৃপা ॥
ন যাস্যামি গৃহং নাথ ন গৃহ্নামি ধনং তব।
কৃত্বা মাং রক্ষ পাদাব্জে সেবাসু সেবকং রতম্ ॥
ইত্যুক্ত্বা চ সাশ্রুনেত্রঃ পপাত চরণং হরেঃ।
রুরোদ চ ভৃশং ভক্ত্যা পুলকাঞ্চিতবিগ্রহঃ ॥

গর্গস্য বচনং শ্রুত্বা জহাস ভক্তবৎসলঃ।
উবাচ তং স্বয়ং কৃষ্ণো ময়ি তে ভক্তিরস্ত্বিতি ॥
ইদং গর্গকৃতং স্তোত্রম্ ত্রিসন্ধ্যং যঃ পঠেন্নরঃ।
দৃঢ়াং ভক্তিং হরের্দ্দাস্যং স্মৃতিঞ্চ লভতে ধ্রুবম্ ॥
জন্মমৃত্যুজরা-রোগ-শোকমোহাতিসঙ্কটাৎ।
তীর্ণো ভবতি শ্রীকৃষ্ণদাসঃ সেবনতৎপরঃ ॥
কৃষ্ণস্য ভবনং কালে কৃষ্ণসার্দ্ধং প্রমোদতে।
কদাপি ন ভবেত্তস্য বিচ্ছেদো হরিণা সহ ॥

শ্রীরাধিকা স্তোত্রম্

(উদ্ধব উবাচ)

বন্দে রাধাপদাম্ভোজং ব্রহ্মাদিসুরবন্দিতম্।
যৎ কীর্তিকীর্ত্তনেনৈব পুনাতি ভূবনত্রয়ম্ ॥
নমো গোলকবাসিন্যৈ রাধিকায়ৈ নমো নমঃ।
শতশৃঙ্গনিবাসিন্যৈ রাধিকায়ৈ নমো নমঃ ॥
রাসমন্ডলবাসিন্যৈ রাসেশ্বর্য্যৈ নমো নমঃ।
বিরজা-তীরবাসিন্যৈ বৃন্দায়ৈ চ নমো নমঃ ॥
বৃন্দাবনবিলাসিন্যৈ কৃষ্ণায়ৈ চ নমো নমঃ।
নমঃ কৃষ্ণপ্রিয়ায়ৈ চ শান্তায়ৈ চ নমো নমঃ ॥
কৃষ্ণবক্ষঃস্থিতায়ৈ চ তৎ প্রিয়ায়ৈ নমো নমঃ।
সর্ব্বৈশ্বর্য্যাধিদেব্যৈ চ কমলায়ৈ নমো নমঃ ॥
পদ্মনাভপ্রিয়ায়ৈ চ পদ্মাচৈ চ নমো নমঃ।
মহোদ্বিষ্ণোশ্চ মাত্রে চ পরাদ্যায়ৈ নমো নমঃ ॥
তেজঃসু সর্ব্বদেবানাং পুরা কৃতযুগে মুদা।
অধিষ্ঠানং কৃতা যা চ প্রাকৃত্যৈ চ নমো নমঃ ॥

নমো দুর্গতিনাশিন্যৈ দুর্গাদেব্যৈ নমো নমঃ।
নমস্ত্রিপুরহারিণ্যৈ ত্রিপুরায়ৈ নমো নমঃ ॥
সুন্দরীষু চ রম্যায়ৈ সুন্দর্য্যৈ চ নমো নমঃ।
শুদ্ধসত্ত্বস্বরূপায়ৈ সগুণায়ৈ নমো নমঃ ॥
নমো ব্রহ্মস্বরূপায়ৈ নির্গুণায়ৈ নমো নমঃ।
নমো নিদ্রাস্বরূপায়ৈ সগুণায়ৈ নমো নমঃ ॥
নমো দক্ষসুতায়ৈ চ নমঃ সত্যৈ নমো নমঃ।
নমঃ শৈলসুতায়ৈ চ পার্ব্বত্যৈ চ নমো নমঃ ॥
নমো নমস্তপস্বিন্যৈ উমায়ৈ চ নমো নমঃ।
নমো নীহাররূপায়ৈ অপর্ণায়ৈ নমো নমঃ ॥
গৌরীগোলোকবাসিন্যৈ নমো গৌর্য্যৈ নমো নমঃ।
নমঃ কৈলাসবাসিন্যৈ মাহেশ্বর্য্যৈ নমো নমঃ ॥
নিদ্রায়ৈ চ দয়ায়ৈ চ শ্রদ্ধায়ৈ চ নমো নমঃ।
নমো ধৃতে ক্ষমায়ৈ চ লজ্জায়ৈ চ নমো নমঃ ॥
তৃষ্ণায়ৈ ক্ষুৎপিপাসায়ৈ ভ্রান্ত্যৈ কান্ত্যৈ নমো নমঃ।
নমঃ শান্ত্যৈ চ বিদ্যায়ৈ সিদ্ধায়ৈ চ নমো নমঃ ॥
নমঃ সৃষ্টিস্বরূপায়ৈ স্থিতিকর্ত্র্যৈ নমো নমঃ।
নমঃ সংহাররূপিণ্যৈ মায়ায়ৈ চ নমো নমঃ ॥
ভদ্রায়ৈ চ শুভায়ৈ চ মুক্তিদায়ৈ নমো নমঃ।
নমঃ স্বধায়ৈ স্বাহায়ৈ শান্ত্যৈ কান্ত্যৈ নমো নমঃ ॥
নমস্তুষ্ট্যৈ চ পুষ্ট্যৈ চ দয়ায়ৈ চ নমো নমঃ।
সর্ব্বশক্তিস্বরূপায়ৈ সর্ব্বমাত্রে নমো নমঃ ॥
বহ্নৌ দাহস্বরূপায়ৈ ভদ্রায়ৈ ভাস্করেঽপি চ।
শোভায়ৈ পূর্ণচন্দ্রে চ সর্ব্বদ্রব্যেষু বৈ নমঃ ॥
নাস্তি ভেদো যথা দেবি দুগ্ধধারণয়োঃ সদা।
যথৈব গন্ধো ভূম্যাশ্চ যথৈবং জলশৈত্যয়ো ॥

যথৈব শব্দ-নভসোর্জ্জোতিঃ সূর্য্যময়ো যথা।
লোকে বেদে পুরাণে চ রাধামাধবয়োস্তথা ॥
চেতনং কুরু কল্যাণি দেহি মামুত্তমাং গতিম্।
ইত্যুক্ত্বা চোদ্ধবস্তত্র প্রণমাম পুনঃ পুনঃ ॥
ইত্যুদ্ধবকৃতং স্তোত্রং যঃ পাঠেৎ ভক্তিপুর্ব্বকম্।
ইহলোকে সুখং ভুক্ত্বা যাত্যন্তে হরিমন্দিরম্ ॥
ন ভবেদ্বন্ধুবিচ্ছেদো রোগঃ শোকঃ সুদারুণঃ।
প্রোষিতা স্ত্রী লভেৎ কান্তং ভার্য্যাভেদী লভেৎ প্রিয়াম্ ॥
অপুত্রো লভতে পুত্রো নির্ধনো লভতে ধনম্।
নির্ভুমির্লভতে ভূমিং প্রজ্ঞাহীনো লভেদ্ধিয়ম্ ॥
রোগাদ্বিমুচ্যতে রোগী বদ্ধো মুচ্যতে বন্ধনাৎ।
ভয়ান্মুচ্যেত ভীতস্তু মুচ্যেতাপন্ন আপদঃ ॥
অস্পষ্টকীর্ত্তি সুযশো মূর্খো ভবতি পণ্ডিতঃ ॥

॥ ইতি ব্রহ্মবৈবর্ত্ত মহাপুরাণকৃত শ্রীনারায়ণ-নারদ সংবাদে শ্রীকৃষ্ণজন্মখণ্ডে শ্রীরাধিকা স্তোত্রম্ সমাপ্তম্ ॥

শ্রীকৃষ্ণজন্মাষ্টমী ব্রতকথা ও শ্রীরাধাষ্টমী ব্রতকথা
পূজাপদ্ধতি, ফর্দ্দমালা ও শ্রীশ্রীকৃষ্ণের অষ্টোত্তর শতনাম সহ
শ্রীগোলোকপতি আচার্য্য জ্যোতিঃশাস্ত্রী বিরচিত।

শ্রীকৃষ্ণজন্মাষ্টমী ব্রত (পূজা-পদ্ধতি)

পূজা দ্রব্য—পঞ্চগুঁড়ি, পঞ্চগব্য, তিল, হরিতকী, ফুল, তুলসী, দূর্ব্বা, বিল্বপত্র, ধূপ, ধূনা, দীপ, আসনাঙ্গুরীয় ৪, মধুপর্কের বাটী ৪, নৈবেদ্য ৬, কুচা নৈবেদ্য, দূর্ব্বা, গুড়, বালি, কাষ্ঠ, ষোড়কে, ঘৃত ৫০০, পূর্ণপাত্র, দধি, মধু, তৈল, হরিদ্রা, চিনি, মাখন, মিছরী।

পূর্ব্ব দিবস সংযমী থাকিয়া জন্মাষ্টমী দিবসে প্রাতঃকালে প্রাতঃকৃত্য সমাপনান্তে আচমন, স্বস্তিবাচন ও স্বস্তিসূক্ত পাঠ করিয়া "সূর্য্যঃ সোম" ইত্যাদি মন্ত্র-পাঠপূর্ব্বক সংকল্প করিবেন যথা—বিষ্ণুরোম্ তৎসদদ্য ভাদ্রে মাসি কৃষ্ণেপক্ষে অষ্টম্যান্তিথৌ অমুক গোত্রঃ শ্রীঅমুক দেবশর্ম্মা সর্ব্বাপচ্ছান্তিপূর্ব্বক শ্রীবিষ্ণুপ্রীতিকামো গণেশাদি নানাদেবতা পূজাপূর্ব্বক শ্রীকৃষ্ণজন্মাষ্টমী ব্রতমহং করিষ্যে। (পরার্থে করিষ্যামি)। পরে সংকল্পসূক্ত পাঠ করিবে। পরে অর্দ্ধরাত্রে পূজামণ্ডপে উপবেশন করিয়া আচমনপূর্ব্বক সামান্যার্ঘ্য, জলশুদ্ধি, আসনশুদ্ধি প্রভৃতির পর গণেশাদি দেবতার পূজা করিয়া শ্রীকৃষ্ণের ধ্যান করিবে। যথা—ফুল্লেন্দীবরকান্তি-মিন্দুবদনং বর্হাবতংস প্রিয়ং, শ্রীবৎসাঙ্কমুদার- কৌস্তুভধরং পীতাম্বরং সুন্দরম্। গোপীনাং নয়নোৎপলার্চ্চিত-তনুং গো-গোপসংঘাবৃতম্ গোবিন্দং মধু-বেণু-বাদন পরং দিব্যাঙ্গভূষং ভজে॥

পরে মানসোপচারে পূজা করিয়া বিশেষার্ঘ্য স্থাপন করিবার পর পুনরায় ধ্যান করিয়া ষোড়শ উপচারে শ্রীকৃষ্ণের পূজা করিবেন। (তৎপরে সুনন্দ, উপানন্দ, বসুদেব, দৈবকী, যশোদা, রোহিণী, বলদেব, উদ্ধব, অক্রুর, নন্দ, ষষ্ঠী, মার্কণ্ডেয় ও শ্রীদাম, সুদাম, দাম, বসুদাম, সুবল সখাদির পূজা কর্ত্তব্য)। মন্ত্র যথা—এতে গন্ধপুষ্পে সুনন্দায় নমঃ, এইরূপ উপানন্দায় নমঃ, বসুদেবায় নমঃ, দৈবক্যৈ নমঃ, যশোদায়ৈ নমঃ, শ্রীদামাদি গোপবালকেভ্যঃ নমঃ। তাহার পরে দুর্গা, শিব; যমুনা ও গঙ্গার গন্ধপুষ্প দ্বারা পূজা করিয়া ব্রতকথা পাঠ বা শ্রবণ করিবেন। ধ্যানান্তে শ্রীকৃষ্ণের প্রণাম মন্ত্র। যথা—

ওঁ সর্ব্বাঘনাশনো ত্বম্বঃ সর্ব্বশক্তি বিভূতিমান্।
শ্রীকৃষ্ণঃ পরমাত্মা ত্বমন্তর্য্যামিন্ নমোঽস্তুতে॥

মূল মন্ত্র—ক্লীঁ কৃষ্ণায় গোবিন্দায় গোপীজনবল্লভায় স্বাহা।

জন্মাষ্টমী ব্রতের দিনে অর্দ্ধরাত্রিতে ঘৃতমিশ্রিত গুড়দ্বারা বসুধারা দিতে হয়। যথাক্রমে নাড়ীচ্ছেদ, ষষ্ঠীপূজা ও নামকরণ করিবে। চন্দ্রের উদয় হইলে শ্রীহরি স্মরণ করিয়া চন্দ্রদেবকে অর্ঘ্যপ্রদান করিতে হয়। চন্দ্রার্ঘ্যবিধি। যথা—শ্বেতপুষ্প, কুশ ও শ্বেতচন্দন শঙ্খে দিয়া ভূমিতে জানুপাত করিয়া (হাঁটু গেড়ে বসে) চন্দ্রকে অর্ঘ্য দান করিবেন। চন্দ্রার্ঘ্য মন্ত্র—ক্ষীরোদার্ণবসম্ভূত অত্রিনেত্রসমুদ্ভব। গৃহাণার্ঘ্যং শশাঙ্কেদং রোহিণ্যা সহিতো মম, সোমায় সোমেশ্বরায় সোমপতয়ে সোমসম্ভবায় গোবিন্দায় নমো নমঃ॥ ইত্যাদি।

বন্দনা ও প্রার্থনা

জয় জয় কৃষ্ণচন্দ্র দৈবকী নন্দন।
ভক্তিভাবে বন্দি আমি ও দুটি চরণ॥
জন্মাষ্টমী ব্রতকথা করিতে রচনা।
হৃদয়ে উদিত হয় এ সৎ বাসনা॥
পুনঃ চিন্তা করি যেন হইয়া বামন।
চন্দ্র ধরিবারে সাধ হইল তেমন॥
কিন্তু তবু মনে পড়ে তিনি দয়াময়।
করিলে তাঁহার কাজ কৃপা তাঁর হয়॥
যাঁর কৃপা হ'লে পঙ্গু গিরি পার হয়।
যাঁর কৃপা হ'লে মূক কত কথা কয়॥
সেই কৃষ্ণচন্দ্রে আমি করিয়া প্রণাম।
জন্মাষ্টমী ব্রতকথা পদ্যে লিখিলাম॥
প্রার্থনা মনোবাসনা পূর্ণ যেন হয়।
অন্তিমেতে পাই যেন চরণে আশ্রয়॥

শ্রীকৃষ্ণজন্মাষ্টমী-ব্রতকথা

জন্মাষ্টমী ব্রতকথা করিতে শ্রবণ।
বশিষ্ঠ মুনির পদ করিয়া বন্দন॥
একদা দিলীপ রাজা ক'ন মুনি প্রতি।
শ্রীকৃষ্ণের জন্মকথা শুনিতে সম্প্রতি॥
অতিশয় ইচ্ছা হয় ওহে মহামুনি।
কৃপা করি সেই কথা বলুন আপনি॥
ভাদ্রমাসে কৃষ্ণপক্ষে অষ্টমী তিথিতে।
কিবা হেতু জনার্দ্দন জন্মেন ধরাতে॥
শঙ্খ চক্র গদা পদ্মধারী নারায়ণ।
দৈবকী উদরে জন্মে কিসের কারণ॥
বশিষ্ঠ কহেন রাজা শুন ভক্তি মনে।
নারায়ণ স্বর্গ ত্যজি কিসের কারণে॥
এই পৃথিবীতে জন্মে দৈবকী উদরে।
সেই পুণ্যকথা বলি তোমার গোচরে॥
পূর্ব্বকালে কংসাসুর নামে নরপতি।
অহঙ্কারে মত্ত হয়ে থাকে দিবারাতি॥
ধরা অধীশ্বর হয়ে সেই দুরাচার।
পৃথিবীকে তাড়না করিল বহুবার॥
সহিতে না পারি দুঃখ পৃথিবী তখন।
মহেশ সকাশে গিয়া করে নিবেদন॥
পৃথিবীর দুঃখ দশা দেখি শূলপাণি।
ক্রোধেতে অধীর হয়ে কহে এই বাণী॥
দেবগণ চল যাই ব্রহ্মার সকাশে।
করিব উপায় আজি কংসের বিনাশে॥
অনন্তর মহেশ্বর দেবগণে লয়ে।
গমন করিল সবে ব্রহ্মার আলয়ে॥
দেবগণ নিবেদন করে ব্রহ্মা পাশে।
উপায় করুন প্রভু কংসের বিনাশে॥
ব্রহ্মা তবে হংসপৃষ্ঠে করি আরোহণ।
ক্ষীরোদ সাগরে যান লয়ে দেবগণ॥

সাগরের তীরে স্তব করে সুরগণ।
স্তবে তুষ্ট হইলেন দেব নারায়ণ॥
নারায়ণ বলিলেন ওহে দেবগণ।
বিষণ্ণ বদন সবে কিসের কারণ॥
কিবা হেতু করেছ হেথায় আগমন।
ব্রহ্মা বলিলেন প্রভু করি নিবেদন॥
শিববরে বলীয়ান হয়ে কংসাসুর।
পৃথিবীরে দেয় সদা যাতনা প্রচুর॥
নাহি মানে দেব দ্বিজ গুরুজন আদি।
অহঙ্কারে মত্ত হয়ে থাকে নিরবধি॥
মহেশ্বর দিল বর ভাগিনার হাতে।
নিধন হইবে কংস নহে অন্য হ'তে॥
তাই প্রভু নিবেদন অভয় চরণে।
রাখিতে দেবের মান কংসের নিধনে॥
দৈবকী উদরে জন্ম করিয়া গ্রহণ।
পৃথিবীর দুঃখ দশা করুন মোচন॥
নারায়ণ বলিলেন দেব মহেশ্বর।
পার্ব্বতীকে সাথে দেন একটি বৎসর॥
কার্য্যশেষে পুনরায় আসিবে চলিয়া।
এত বলি উমা রমা সাথেতে লইয়া॥
মথুরা উদ্দেশে যাত্রা করি নারায়ণ।
দৈবকী উদরে জন্ম করিলা গ্রহণ॥
যে কালে বৈকুণ্ঠ ত্যজি ব্রহ্ম সনাতন।
করেন দৈবকী গর্ভে আশ্রয় গ্রহণ॥

সে কালে শ্রীশিব ব্রহ্মা আদি দেবগণ।
সনকাদি নারদাদি মুনি ঋষিগণ॥
উপস্থিত হয়ে সেই কংস কারাগারে।
স্তবাদি করেন সবে ভক্তি সহকারে॥
তারপর আবির্ভাব কালের সময়।
ভক্ত হৃদে সত্ত্ব ভাব হইল উদয়॥
আকাশেতে রবি আদি নবগ্রহগণ।
মঙ্গল-জনক স্থানে আসি স্থিত হ'ন॥
ভাদ্র মাসে কৃষ্ণপক্ষ অষ্টমী তিথিতে।
বুধবার রোহিণী নক্ষত্র নিশার্দ্ধেতে॥
সর্ব্বদিক্ আলোকিত করিয়া শ্রীহরি।
ধরাধামে অবতীর্ণ শিশুরূপ ধরি॥
পরিধানে পীতবাস কৌস্তুভ গলেতে।
চতুর্হস্ত শঙ্খ চক্র গদাব্জ করেতে॥
রূপ হেরি বসুদেব দৈবকী চিন্তিল।
বুঝি বা দেবতা আসি জনম লভিল॥
নানাবিধ স্তব করি বলে নারায়ণে।
চতুর্ভুজ পরিহার করুন এক্ষণে॥
কেমনে রক্ষিব প্রভু কংস হাত হতে।
ভাবিয়া উপায় মোরা নাহি পাই চিতে॥
অন্তর্য্যামী নারায়ণ অন্তরে বুঝিল।
পরিধান ত্যজি প্রভু দ্বিভুজ হইল॥
অনন্তর ভগবান হরির কৃপায়।
বসুদেব শৃঙ্খল হইতে মুক্তি পায়॥

মায়াময় শ্রীহরির আশ্চর্য্য মায়াতে।
রক্ষীগণ অচেতন হইল নিদ্রাতে ॥
সে সময়ে ভগবান আবির্ভূত হ'ন।
সেইকালে যোগমায়া ব্রজে জন্ম ল'ন॥
পূর্ব্বের আদেশমত পবিত্র ক্ষণেতে।
নন্দালয়ে নন্দপত্নী যশোদা গর্ভেতে ॥
অতঃপর ভগবান কন বসুদেবে।
নন্দালয়ে তাঁরে রাখি আসিতে হইবে॥
নন্দ-কন্যা যোগমায়া শ্রীভগবতীকে।
আনয়ন করিয়া দিবেন দৈবকীকে ॥
ভগবান কৃষ্ণবাক্য করিয়া শ্রবণ।
নিজ বস্ত্রে শ্রীকৃষ্ণকে করি আচ্ছাদন॥
বসুদেব নন্দালয়ে করেন গমন।
বিঘ্নহারী শ্রীবিষ্ণুকে করিয়া স্মরণ॥
যেইকালে বসুদেব গমন করিল।
কারাগৃহ লৌহদ্বার মুক্ত হয়ে গেল॥
মন্দ মন্দ মেঘগণ করয়ে গর্জ্জন।
মৃদুমন্দ বৃষ্টিধারা হতেছে পতন॥
স্বয়ং অনন্তদেব সর্পরূপ ধরি।
বারি নিবারণ জন্য কৃষ্ণ শীর্ষোপরি॥
ছত্রের মতন ফণা করিয়া ধারণ।
শ্রীবসুদেবের সাথে করেন গমন॥
এইভাবে বসুদেব যাইতে লাগিল।
যমুনার তটে আসি উপস্থিত হ'ল॥

দু-কূলে বহিছে বান বসুদেব ভাবে।
কেমনে হইয়া পার গোকুলে যাইবে॥
হায় কি করিব বলি কাঁদিতে লাগিল।
অন্তর্য্যামী নারায়ণ অন্তরে জানিল॥
দেখিতে দেখিতে জল আসিল কমিয়া।
শিবারূপে পার হয়ে যান মহামায়া॥
শিবার পশ্চাৎ ধরি বসুদেব যান।
মায়া করি বারি মধ্যে পড়ে ভগবান॥
বসুদেব কাঁদে পুনঃ শিরে হাত দিয়া।
জলক্রীড়া করে কৃষ্ণ যমুনা লইয়া॥
যমুনার পূরে সাধ কৃষ্ণকে পাইয়া।
কিছুক্ষণ পরে কৃষ্ণ উঠিল ভাসিয়া॥
সানন্দেতে বসুদেব তুলি নিয়া কোলে।
যমুনা হইয়া পার আসিল গোকুলে॥
অনন্তর বসুদেব, আসি নন্দালয়ে।
যশোদা নিকটে দেখে কন্যা আছে শুয়ে॥
মহামায়া প্রভাবেতে গোপ-গোপী যত।
কেহ কিছু নাহি জানে সবে নিদ্রাগত॥
যশোদাও পুত্র কন্যা কিছু না বুঝেছে।
জানে কোন দেবরূপী জনম লভিছে॥
বসুদেব পুত্র দিয়া কন্যা কোলে নিল।
মথুরার কারাগৃহে চলিয়া আসিল॥
যোগমায়ারূপী কন্যা দৈবকীকে দিয়া।
বন্ধনস্থানেতে বসু আসিল চলিয়া॥

যোগমায়া প্রভাবে পুনঃ বন্ধন ঘটিল।
কারাগৃহ পুনরায় আবদ্ধ হইল॥
মহামায়া সদ্যজাতা শিশুর মতন।
ক্রন্দন করিবামাত্র জাগে রক্ষীগণ॥
এক রক্ষী কংসপাশে করিয়া গমন।
দৈবকী প্রসবে শিশু করে নিবেদন॥
বিস্মিত হইয়া কংস আসি কারালয়ে।
দেখিল দৈবকী কোলে কন্যা আছে শুয়ে॥
ক্রোধে কংস ধরিবারে উদ্যত শিশুরে।
দৈবকী কন্যারে হৃদে জড়াইয়া ধরে॥
অশ্রুসিক্ত আঁখি নিয়ে বলে বারে বার।
প্রাণভিক্ষা দাও রাজা কন্যারে আমার॥
না শুনিয়া তার কথা পাপরূসী কংস।
শিশুরে করিতে চায় চিরতরে ধ্বংস॥
ধরিয়া শিশুব পদ উর্দ্ধেতে তুলিল।
শিলাপৃষ্ঠ লক্ষ্য করি নিক্ষেপ করিল॥
কিন্তু সেই শিশু-কন্যা কংসহাত হ'তে।
আরও উর্দ্ধে যায় উঠে না পড়ে শিলাতে॥
কন্যা অষ্টভূজা হয়ে মহাদেবীরূপে।
বলেন বচন দুরাচার কংস ভূপে॥
দুষ্ট দুরাচার কংস শুনরে বচন।
কিবা লাভ হবে বধি আমার জীবন॥

তোর শত্রু যিনি তিনি বালক রূপেতে।
দিন দিন বৰ্দ্ধিত হতেছে গোকুলেতে॥
অতএব নির্দ্দোষী দৈবকী বসুদেবে।
হিংসা করি উভয়েরে কিবা ফল হ'বে॥
তারপর অষ্টভূজা মাতা ভগবতী।
গেলেন কৈলাসধামে যথা পশুপতি॥
মহামায়া বাক্য কংস করিয়া শ্রবণ।
বসু ও দৈবকীর করে বন্ধন মোচন॥
তৎপরে কিরূপে শত্রু করি বিনাশন।
পরামর্শ করে কংস লয়ে মন্ত্রিগণ॥
জন্মাষ্টমী ব্রতকথা হ'ল সমাপন।
জয় কৃষ্ণচন্দ্র বলি ডাক সৰ্ব্বজন॥
কৃষ্ণ জন্মাষ্টমী ব্রত করে যেই জন।
সকল সদিচ্ছা তার হইবে পূরণ॥
রোগ শোক দূরে যায় শান্তি পায় মনে।
জন্মাষ্টমী ব্রতকথা যেই জন শুনে॥
স্বয়ং কৃষ্ণ হ'তে কৃষ্ণনাম হয় সার।
নামের প্রভাবে জীব তরে এ সংসার॥
সৰ্ব্বদুঃখ দূরে যায় হয় সুখোদয়।
ভক্তিভাবে কৃষ্ণনামে লইলে আশ্রয়।
ভক্তিপ্রিয় কৃষ্ণচন্দ্র ভক্ত বড় ধন।
ভক্তের লাগিয়া তিনি অবতীর্ণ হন॥

হে গোলোকপতি কৃষ্ণ প্রার্থনা চরণে।
এ অধমে কৃপা কর আপনার গুণে॥

সংক্ষিপ্ত শ্রীকৃষ্ণলীলা বর্ণনা।

দৈবকী উদরে কৃষ্ণ ভক্তে রক্ষিবারে।
মথুরায় অবতীর্ণ কংস কারাগারে।।
মথুরা হইতে গোকুলের পথে গিয়া।
যমুনায় করে খেলা পিতারে ত্যজিয়া।।
পঞ্চদশ দিন মধ্যে নন্দালয়ে হরি।
পূতনারে বধ করে স্তন পান করি।।
তৃতীয় মাস বয়সে শকট ভঞ্জন।
শকটাসুর বধ হরি করেন তখন।।
তৃণাবর্ত্ত নামে দৈত্য কংস দূত ছিল।
কংসের আদেশে কৃষ্ণে বধিতে আসিল।।
এক বছর বয়সে কৃষ্ণ ভগবান।
তৃণাবর্ত্তে করি বধ হরিলেন প্রাণ।।
শৈশবেতে বিশ্বরূপ মায়েরে দেখান।
এ ভাবে শৈশব লীলা হয় অবসান।।
চৌর্য্যলীলা রহস্য ও ননীচুরি আদি।
বাল্যলীলায় কৃষ্ণ করেন নিরবধি।।
একদা যশোদা মাতা কৃষ্ণকে ধরিয়া।
কটিদেশ বন্ধন করেন রজ্জু দিয়া।।
কিন্তু বৃথা হয় চেষ্টা বাঁধে যতবার।
দুই অঙ্গুলী পরিমিত কম হয় তার।।
অন্য গোপী কাছ হতে রজ্জু লয়ে আসি।
পুনঃ বাঁধে সেই কম হ'ন কালশশী।।
পুনঃ পুনঃ আনে রজ্জু বৃথা পরিশ্রম।
দুই অঙ্গুলী পরিমিত তবু হয় কম।।
লজ্জিত হ'য়ে যশোদা বসিয়া পড়িল।
দেখিয়া মায়ের লজ্জা কৃষ্ণ বাঁধা দিল।।
যাঁহার আদেশে চলে সমস্ত ভুবন।
যশোদা কি পারে তাঁরে করিতে বন্ধন।।
যমলার্জ্জুন দুই বৃক্ষ অভিশপ্ত ছিল।
বাল্য লীলাকালে প্রভু তাহে উদ্ধারিল।।
দুই বৎসর তিনমাস বয়স যখন।
এ সকল লীলা হরি করেন তখন।।
এই ভাবে বাল্যলীলা সমাপন করি।
বৃন্দাবন লীলায় প্রবেশে শ্রীহরি।।
অলকা তিলকা ভালে ভূষিত হইয়া।
সখাগণ সহ কৃষ্ণ বেণু বাজাইয়া।।
গোচারণ করিতেন বৃন্দাবন মাঝে।
মা যশোদা সাজাতেন অভিনব সাজে।।
বৎসাসুর বকাসুর অঘাসুর যত।
পঞ্চম বয়সে কৃষ্ণ করেন নিহত।।
কালীয় দমন আর দাবাগ্নি ভক্ষণ।
শ্রাবণে ঝুলন লীলা, ব্রহ্মাকে মোহন।।
ষষ্ঠ বর্ষে এই লীলা সম্পাদন করি।
সপ্তম বর্ষে প্রবেশ করেন শ্রীহরি।।
সপ্তম বর্ষের লীলা অতি চমৎকার।
গোপী বস্ত্রহরণ লীলা নাম হয় তার।।

অষ্টম বর্ষের লীলা গোবর্দ্ধন ধারণ।
ইন্দ্রকোপ হ'তে রক্ষা করে নারায়ণ॥
নবম বর্ষে রাসলীলা গোপীদের সাথে।
ফাগুনেতে দোললীলা পূর্ণিমা তিথিতে॥
কংস বধ করেন কৃষ্ণ গিয়া মথুরায়।
শিশুপাল জরাসন্ধ দ্বারকালীলায়॥
জগৎবাসীকে শিক্ষা দিবার কারণ।
দ্বারকালীলায় হয় রুক্মিণী-হরণ॥
নানাবিধ কত লীলা করেন দ্বাপরে।
পুনঃ লীলা করিবেন কল্কি অবতারে॥
জয় জয় কৃষ্ণচন্দ্র বল ভক্তগণ।
সংক্ষিপ্ত শ্রীকৃষ্ণলীলা হ'ল সমাপন॥

ইতি শ্রীকৃষ্ণজন্মাষ্টমী ব্রতকথা সমাপ্ত।

শ্রীরাধাষ্টমী ব্রত (পূজা-পদ্ধতি)

ব্রতের দ্রব্য—শাড়ী ১, মধুপর্ক, আসনাঙ্গুরীয় ১, নৈবেদ্য ১, কুচানৈবেদ্য ১, ধূপ, দীপ, ধুনা, পুষ্প, দূর্ব্বা, তুলসী, বিল্বপত্র, দক্ষিণা সাধ্যমত।

ভাদ্রমাসের শুক্লপক্ষে অষ্টমী তিথিতে রাধার জন্মদিনে বসন, ভূষণ, ধূপ, দীপ, গন্ধ, নৈবেদ্য প্রভৃতি দ্বারা শ্রীমতির পূজা করিয়া নানাবিধ মহোৎসব, মঙ্গলাচরণ ও ক্রীড়াকৌতুক করিবে। শ্রীমতীর সখীবৃন্দ, গোপিকাবৃন্দ, কীর্ত্তিদা, বৃষভানু, নন্দ, প্রভৃতিরও পূজা করিতে হয়। পূজার শেষে যথাশক্তি মূলমন্ত্র জপ করিবে। তারপর ভক্তির সহিত কথা শুনিয়া সেইদিন উপবাসী থাকিয়া পরদিন বৈষ্ণবগণের সহিত পারণা করিতে হয়।

মূল মন্ত্র—ওঁ হ্রীঁ শ্রীঁ রাধিকায়ৈ স্বাহা।

শ্রীরাধিকার ধ্যান—তপ্তস্বর্ণ প্রভাং রাধাং সর্ব্বালঙ্কারভূষিতাম্।
নীলবস্ত্রপরীধানাং ভজে বৃন্দাবনেশ্বরীম্॥

(১) প্রণাম—নবীনহেমগৌরাঙ্গীং পূর্ণানন্দবতীং সতীম্।
বৃষভানুসুতাং দেবীং বন্দে রাধাং জগৎপ্রসূম্॥

(২) প্রণাম—তপ্তকাঞ্চনগৌরাঙ্গি রাধে বৃন্দাবনেশ্বরি।
বৃষভানুসুতে দেবি প্রণমামি হরিপ্রিয়ে॥

(৩) প্রণাম—রাসোৎসববিলাসিন্যৈ নমস্তে পরমেশ্বরি।
কৃষ্ণপ্রাণাধিকে রাধে পরমানন্দবিগ্রহে॥
(৪) প্রণাম—রাধাং রাসেশ্বরীং রম্যাং স্বর্ণকুণ্ডল ভূষিতাম্।
বৃষভানুসুতাং দেবীং নমামি শ্রীহরিপ্রিয়াম্॥

শ্রীরাধাষ্টমী-ব্রতকথা

একদা নারদ করি হরিগুণগান।
হর্ষচিত্তে গোলোকে শ্রীকৃষ্ণ কাছে যান॥
বন্দিয়া চরণ তাঁর বলেন বচন।
তব মুখে শুনিয়াছি ব্রত-বিবরণ॥
এখন শুনিতে ইচ্ছা শ্রীমতী রাধার।
জন্মদিন ব্রতকথা যাহা সর্ব্বসার॥
আপনার প্রিয়তমা চিৎশক্তিরূপিণী।
বৃষভানু কন্যারূপে জন্মিলেন তিনি॥
বৃষভানু রাজা কিবা পুণ্য করেছিল।
যার ফলে কন্যারূপে রাধাকে পাইল॥
কৃষ্ণ কহিলেন তবে শুন ঋষিবর।
তুমি মোর শ্রেষ্ঠ ভক্ত কহি অতঃপর॥
কোনকালে সূর্য্যদেব ত্রিলোক ভ্রমিয়া।
নানা প্রকার ঐশ্বর্য্য স্বচক্ষে দেখিয়া॥
তপস্যা করিতে সূর্য্য সঙ্কল্প করিল॥
মন্দর পর্ব্বতে গিয়া উপস্থিত হ'ল॥
তপস্যা করিল সূর্য্য গুহার ভিতর।
দেব পরিমাণে যাহা সহস্র বৎসর॥
তপস্যা দেখিয়া ইন্দ্র হইল চিন্তিত।
দেবগণ সহ তিনি হইয়া মিলিত॥
আমার নিকটে আসি করে নিবেদন।
সূর্য্যের তপস্যা হেরি ভয়ের কারণ॥
ইন্দ্রকে অভয় দান করি আমি বলি।
সকলেতে নিজ নিজ স্থানে যাও চলি॥
তপন হইতে নাই ভয়ের কারণ।
তাঁহাকে করিব ক্ষান্ত আমি যে এখন॥
দেবগণ গেল চলি আমার বচনে।
সূর্য্যের নিকটে আমি যাই সেইক্ষণে॥
আমাকে দেখিয়া সূর্য্য স্তব করে কত।
বলে ব্রহ্মা, বিষ্ণু, শিব ধ্যানে যাঁর রত॥
প্রত্যক্ষ দর্শন তাঁর পেয়েছি যখন।
সার্থক জনম মোর তপস্যাচরণ॥
দেখিয়া সূর্য্যের ভক্তি তুষ্ট হ'ল মন।
বলিলাম—বর তুমি করহ গ্রহণ॥
তপন তপন মোরে করিয়া প্রণতি।
বলিল প্রসন্ন যদি হন মোর প্রতি।

বরদান দিতে যদি হয় গো করুণা।
গুণবতী কন্যা এক করি যে প্রার্থনা॥
যাঁর বশীভূত প্রভু হবেন আপনি।
তথাস্তু বলিয়া বর দিলাম তখনি॥
রাধিকার বশীভূত হইব যে আমি।
মোর বশীভূতা রাধা হবে জেনো তুমি॥
উভয়ের মধ্যে কিছু প্রভেদ না রবে।
কন্যারূপে শ্রীমতীকে ধরায় পাইবে॥
ভূভার হরিতে আমি বৃন্দাবন ধামে।
নন্দালয়ে অবতীর্ণ হ'ব "কৃষ্ণ" নামে॥
জলাশয়ে ব্যাকুলিত চাতক যেমনি।
রাধা অদর্শনে আমি হইব তেমনি॥
তুমিও তথায় গোপকূলে জন্ম ল'বে।
বৃষভানু নামে রাজা বিখ্যাত হইবে॥
এত বলি অন্তর্হিত হইলাম আমি।
তপস্যা হইতে ক্ষান্ত হ'ন দিনমণি॥
অনন্তর মথুরায় অবতীর্ণ হয়ে।
অবস্থান করি আমি নন্দের আলয়ে॥
পূর্ব্বকথা মত সূর্য্য লভিল জনম।
বৈশ্যকূলে বৃষভানু নামে রাজা হন॥
কীর্ত্তিদা, নামেতে তাঁর পতিব্রতা সতী।
কিছুকাল পরে গর্ভে ধরেন সন্ততি॥
ভাদ্রমাস শুক্লপক্ষ অষ্টমী তিথিতে।
বিশাখা নক্ষত্রে কীর্ত্তিদা গর্ভ হ'তে॥

জন্মিলেন এক কন্যা অতি সুলক্ষণা।
সর্ব্ব সুন্দরী হয় রূপে অনুপমা॥
শুনি বৃন্দাবনবাসী গোপ গোপী যত।
সকলেতে বৃষভানুগৃহে উপস্থিত॥
পরমাসুন্দরী কন্যা সকলে দেখিয়া।
আশীর্ব্বাদ করে কত আনন্দ হইয়া॥
দধি দুগ্ধ হরিদ্রা চূর্ণ সকলে লইল।
পরস্পর অঙ্গে তারা সেচন করিল॥
কন্যা দেখি বৃষভানু হ'য়ে আনন্দিত।
দীন দুঃখী দ্বিজে দান করে অপ্রমিত॥
কৃষ্ণ কহিলেন পুনঃ শুনহ নারদ।
এই কন্যা রাধানামে প্রসিদ্ধা জগৎ॥
আমার মায়ায় মুগ্ধ হ'য়ে রাধাসতী।
আমাকেই পতিভাবে পেতে সদা মতি॥
অভীষ্টপূরণ জন্য গোবর্দ্ধন পর্ব্বতে।
সূর্য্যদেবের আরাধনা লাগিল করিতে॥
যথাকালে আয়ানের সহিত রাধার।
বিবাহ হইলে পতিলাভ হ'ল তার॥
আমি যে পরমপুরুষ জ্ঞান করি মনে।
আমার সহিত বিহার করিত গোপনে॥
পরমপুরুষ সমাগমে নারীজাতি।
অন্তরেতে লাভ করে সুখ ও প্রীতি॥
যোগমায়াবলম্বনে আমি যে তখন।
প্রকাশিত করিলাম লীলার কারণ॥

যোগমায়াবলে রাধিকারে এইভাবে।
মুগ্ধ করিয়া আমি রাখিলাম ভবে॥
অনলদাহিকা শক্তি রহে অনলেতে।
যেমন কদাচ দূর হয় না তা' হ'তে ॥
সেইরূপ রাধা হ'তে নহি আমি ভিন্ন।
দুয়ে মিলে এক তনু হই "রাধাকৃষ্ণ"॥
পুরুষ প্রধান মোরে ভাবিয়া সে মনে।
রাসমঞ্চে গিয়া লীলা হ'ত মোর সনে॥
কৃষ্ণ কহিলেন, শুন ব্রহ্মার তনয়।
এ ব্রত করিলে রাধা আনন্দিত হয়॥
ভাদ্রমাস শুক্লপক্ষ অষ্টমী তিথিতে।
উপবাসে থাকি তাঁর জন্ম দিবসেতে ॥
বসন ভূষণ ধূপ দীপ গন্ধ লয়ে।
ফুল ফল এ সকল নৈবেদ্য সাজায়ে॥
শ্রীমতী রাধার পূজা করি ভক্তিভাবে।
নানাবিধ মঙ্গলাচরণ মহোৎসবে॥
এ ব্রত করিলে সর্ব্ব দুঃখ নাশ হয়।
পুত্র ও ঐশ্বর্য্য লভে সর্ব্বত্র বিজয়॥
শ্রীমতীর সখীবৃন্দ আর গোপীবৃন্দ।
কীর্ত্তিদা ও বৃষভানু নন্দ উপানন্দ॥
ইত্যাদি সকল পূজা করি তারপরে।
মূলমন্ত্র জপ করি ভক্তি সহকারে॥
তৎপরে ব্রতকথা করিবে শ্রবণ।
পরদিন বৈষ্ণব সহ করহ পারণ॥
বিপ্রকে দান দক্ষিণা দিবে সাধ্যমত।
ইহারই নাম জেনো রাধাষ্টমী ব্রত॥
শ্রীমতী রাধিকা দেবী সন্তুষ্ট এ ব্রতে।
আমিও প্রসন্ন লাভ করি তার সাথে॥
প্রতি বর্ষ এই ব্রত করে যেই সতী।
আমি ও শ্রীমতী রাধা তুষ্ট তার প্রতি ॥
ব্রতকথা শুনি ঋষি ভক্তিসহকারে।
কৃষ্ণচরণে প্রণাম করে বারে বারে॥
করিব এ ব্রত বলি সঙ্কল্প করিয়া।
"রাধাকৃষ্ণ" গান করি গেলেন চলিয়া॥
ভক্তপদরেণু প্রার্থী এ গোলোকপতি।
করিছে প্রার্থনা যেন নামে থাকে মতি ॥

ইতি শ্রীরাধাষ্টমী সম্পূর্ণ ব্রতকথা সমাপ্ত॥

॥ নারায়ণের প্রণাম ॥

ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গো-ব্রাহ্মণহিতায় চ।
জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥
পাপোঽহং পাপকর্মাহং পাপাত্মা পাপসম্ভবঃ।
ত্রাহি মাং পুণ্ডরীকাক্ষ সর্বপাপহরো হরিঃ॥

॥ শ্রীকৃষ্ণের প্রণাম ॥

কৃষ্ণায় বাসুদেবায় দৈবকী নন্দনায় চ।
অশেষ ক্লেশনাশায় গোবিন্দায় নমো নমঃ॥

হে কৃষ্ণ করুণাসিন্ধো দীনবন্ধো জগৎপতে।
গোপেশ গোপীকাকান্ত রাধাকান্ত নমোঽস্তু তে॥

॥ শ্রীশ্রীকৃষ্ণের অষ্টোত্তর-শতনাম ॥

জয় জয় গোবিন্দ গোপাল গদাধর।
কৃষ্ণচন্দ্র কর কৃপা করুণা-সাগর॥
জয় রাধে গোবিন্দ গোপাল বনমালী।
শ্রীরাধার প্রাণধন মুকুন্দ-মুরারি॥
হরিণামে বিনে রে (ভাই) গোবিন্দ নাম বিনে।
বিফলে মনুষ্য জন্ম যায় দিনে দিনে॥
দিন গেল মিছা কাজে রাত্রি গেল নিদ্রে।
না ভজিনু রাধাকৃষ্ণ-চরণার বৃন্দে॥
কৃষ্ণ ভজিবার তরে সংসারে আইনু।
মিছা মায়ায় বদ্ধ হয়ে বৃক্ষসম হৈনু॥
ফলরূপে পুত্র-কন্যা ডাল ভাঙ্গি পড়ে।
কালরূপে সংসারেতে পক্ষ বাসা করে॥
যখন কৃষ্ণ জন্ম নিলেন দৈবকী উদরে।
মথুরাতে দেবগণ পুষ্পবৃষ্টি করে॥
বসুদেব রাখি আইল নন্দের মন্দিরে।
নন্দের আলয়ে কৃষ্ণ দিনে দিনে বাড়ে॥
শ্রীনন্দ রাখিল নাম নন্দের নন্দন। ১
যশোদা রাখিল নাম যাদু বাছাধন॥ ২
উপানন্দ নাম রাখে সুন্দর-গোপাল। ৩
ব্রজবালক নাম রাখে ঠাকুর-রাখাল॥ ৪
সুবল রাখিল নাম ঠাকুর কানাই। ৫
শ্রীদাম রাখিল নাম রাখাল-রাজা ভাই॥ ৬
ননীচোরা নাম রাখে যতেক গোপিনী। ৭
কালসোণা নাম রাখে রাধাবিনোদিনী॥ ৮
কুব্জা রাখিল নাম পতিত-পাবন-হরি। ৯
চন্দ্রাবলী নাম রাখে মোহন-বংশীধারী॥ ১০
অনন্ত রাখিল নাম অন্ত না পাইয়া। ১১
কৃষ্ণ নাম রাখে গর্গ ধ্যানেতে জানিয়া॥ ১২
কণ্বমুনি নাম রাখে দেবচক্রপাণি। ১৩
বনমালী নাম রাখে বনের হরিণী॥ ১৪
গজহস্তী নাম রাখে শ্রীমধুসূদন। ১৫
অজামিল নাম রাখে দেব নারায়ণ॥ ১৬
পুরন্দর নাম রাখে দেব শ্রীগোবিন্দ। ১৭
দ্রৌপদী রাখিল নাম দেব দীনবন্ধু॥ ১৮
সুদাম রাখিল নাম দারিদ্র্য-ভঞ্জন। ১৯
ব্রজবাসী নাম রাখে ব্রজের জীবন॥ ২০
দর্পহারী নাম রাখে অর্জ্জুন সুধীর। ২১
পশুপতি নাম রাখে গরুড় মহাবীর॥ ২২
যুধিষ্ঠির নাম রাখে দেব যদুবর। ২৩
বিদুর রাখিল নাম কাঙ্গালের ঠাকুর॥ ২৪
বাসুকী রাখিল নাম দেব-সৃষ্টি স্থিতি। ২৫
ধ্রুবলোকে নাম রাখে ধ্রুবের সারথি॥ ২৬
নারদ রাখিল নাম ভক্ত-প্রাণধন। ২৭
ভীষ্মদেব নাম রাখে লক্ষ্মী-নারায়ণ॥ ২৮

সত্যভামা নাম রাখে সত্যের সারথি। ২৯
জাম্ববতী নাম রাখে দেব যোদ্ধাপতি ॥ ৩০
বিশ্বামিত্র নাম রাখে সংসারের সার। ৩১
অহল্যা রাখিল নাম পাষাণ-উদ্ধার ॥ ৩২
ভৃগুমুনি নাম রাখে জগতের হরি। ৩৩
পঞ্চমুখে রামনাম গান ত্রিপুরারি ॥ ৩৪
কুঞ্জকেশী নাম রাখে বলি সদাচারী। ৩৫
প্রহ্লাদ রাখি নাম নৃসিংহ-মুরারি ॥ ৩৬
বশিষ্ঠ রাখিল নাম মুনি-মনোহর। ৩৭
বিশ্বাবসু নাম রাখে নবজলধর ॥ ৩৮
সম্বর্ত্তক রাখে নাম গোবর্দ্ধনধারী। ৩৯
প্রাণপতি নাম রাখে যত ব্রজনারী ॥ ৪০
অদিতি রাখিল নাম অরাতি-সূদন। ৪১
গদাধর নাম রাখে যমল-অর্জ্জুন ॥ ৪২
মহাযোদ্ধা নাম রাখে ভীম মহাবল। ৪৩
দয়ানিধি রাখে নাম দরিদ্র সকল ॥ ৪৪
বৃন্দাবন-চন্দ্র নাম রাখে বৃন্দাদূতি। ৪৫
বিরজা রাখিল নাম যমুনার পতি ॥ ৪৬
বাণীপতি নাম রাখে গুরু বৃহস্পতি। ৪৭
লক্ষ্মীপতি রাখে নাম সুমন্ত্র সারথি ॥ ৪৮
সন্দীপনি নাম রাখে দেব অন্তর্য্যামী। ৪৯
পরাশর নাম রাখে ত্রিলোকের স্বামী ॥ ৫০
পদ্মযোনি নাম রাখে অনাদির আদি। ৫১
নট-নারায়ণ নাম রাখিল সম্বাদি ॥ ৫২

হরেকৃষ্ণ নাম রাখে প্রিয় বলরাম। ৫৩
ললিতা রাখিল নাম দূর্ব্বাদলশ্যাম ॥ ৫৪
বিশাখা রাখিল নাম অনঙ্গমোহন। ৫৫
সুচিত্রা রাখিল নাম শ্রীবংশীবদন ॥ ৫৬
আয়ান রাখিল নাম ক্রোধ-নিবারণ। ৫৭
চণ্ডকেশী নাম রাখে কৃতান্ত-শাসন ॥ ৫৮
জ্যোতিষ্ক রাখিল নাম নীলকান্তমণি। ৫৯
গোপীকান্ত নাম রাখে সুদাম-ঘরণী ॥ ৬০
ভক্তগণ নাম রাখে দেব জগন্নাথ। ৬১
দুর্ব্বাসা রাখেন নাম অনাথের নাথ ॥ ৬২
রাসেশ্বর নাম রাখে যতেক মালিনী। ৬৩
সর্ব্ব-যজ্ঞেশ্বর নাম রাখেন শিবানী ॥ ৬৪
উদ্ধব রাখিল নাম মিত্র-হিতকারী। ৬৫
অক্রূর রাখিল নাম ভব-ভয়হারী ॥ ৬৬
গুঞ্জমালী নাম রাখে নীল পীতবাস। ৬৭
সর্ব্ববেত্তা রাখে নাম দ্বৈপায়ন ব্যাস ॥ ৬৮
অষ্টসখী নাম রাখে ব্রজের ঈশ্বর। ৬৯
সুরলোকে রাখে নাম অখিলের সার ॥ ৭০
বৃষভানু নাম রাখে পরম ঈশ্বর। ৭১
স্বর্গবাসী রাখে নাম দেব পরাৎপর ॥ ৭২
পুলোমা রাখেন নাম অনাথের সখা। ৭৩
রসসিন্ধু নাম রাখে সখী চিত্রলেখা ॥ ৭৪
চিত্ররথ নাম রাখে অরাতি-দমন। ৭৫
পুলস্ত্য রাখিল নাম নয়ন-রঞ্জন ॥ ৭৬

কশ্যপ রাখেন নাম রাস-রাসেশ্বর। ৭৭
ভাণ্ডারীক নাম রাখে পূর্ণ-শশধর॥ ৭৮
সুমালী রাখিল নাম পুরুষ-প্রধান। ৭৯
পুরঞ্জন নাম রাখে ভক্তগণ প্রাণ॥ ৮০
রজকিনী নাম রাখে নন্দের-দুলাল। ৮১
আহ্লাদিনী নাম রাখে ব্রজের-গোপাল॥ ৮২
দেবকী রাখিল নাম নয়নের মণি। ৮৩
জ্যোতির্ম্ময় নাম রাখে যাজ্ঞবল্ক্য মুনি॥ ৮৪
অত্রিমুনি নাম রাখে কোটি-চন্দ্রেশ্বর। ৮৫
গৌতম রাখিল নাম দেব বিশ্বম্ভর॥ ৮৬
মরীচি রাখিল নাম অচিন্ত্য অচ্যুত। ৮৭
জ্ঞানাতীত নাম রাখে সৌনকাদি সুত॥ ৮৮
রুদ্রগণ নাম রাখে দেব মহাকাল। ৮৯
বসুগণ রাখে নাম ঠাকুর দয়াল॥ ৯০
সিদ্ধগণ নাম রাখে পুতনা-নাশন। ৯১
সিদ্ধার্থ রাখিল নাম কপিল তপোধন॥ ৯২
ভাগুরি রাখিল নাম অগতির গতি। ৯৩
মৎস্যগন্ধা নাম রাখে ত্রিলোকের পতি॥ ৯৪
শুক্রাচার্য্য রাখে নাম অখিল-বান্ধব। ৯৫
বিষ্ণুলোকে নাম রাখে দেব শ্রীমাধব॥ ৯৬
যদুগণ নাম রাখে যদুকুলপতি। ৯৭
অশ্বিনীকুমার নাম রাখে সৃষ্টি-স্থিতি॥ ৯৮
অর্য্যমা রাখিল নাম কাল-নিবারণ। ৯৯
সত্যবতী নাম রাখে অজ্ঞান-নাশন॥ ১০০
পদ্মাক্ষ রাখিল নাম ভ্রমণ ভ্রময়ী। ১০১
ত্রিভঙ্গ রাখিল নাম যত সহচরী॥ ১০২
বঙ্কচন্দ্র নাম রাখে শ্রীরূপমঞ্জরী। ১০৩
মাধুরী রাখিল নাম গোপী-মনোহরী॥ ১০৪
মঞ্জুমালী নাম রাখে অভীষ্ট-পূরণ। ১০৫
কুটিলা রাখিল নাম মদন-মোহন॥ ১০৬
মঞ্জরী রাখিল নাম কর্ম্মবন্ধ-নাশ। ১০৭
ব্রজবধূ নাম রাখে পূর্ণ-অভিলাষ॥ ১০৮
দৈত্যারি দ্বারিকানাথ দারিদ্র্য-ভঞ্জন।
দয়াময় দ্রৌপদীর লজ্জানিবারণ॥
স্বরূপে সবার হয় গোলোকেতে স্থিতি।
বৈকুণ্ঠে ক্ষীরোদশায়ী কমলার পতি॥
রসময় রসিক নাগর অনুপাম।
নিকুঞ্জবিহারী হরি নব-ঘনশ্যাম॥
শালগ্রাম দামোদর শ্রীপতি শ্রীধর।
তারকব্রহ্ম সনাতন পরম ঈশ্বর॥
কল্পতরু কমললোচন হৃষীকেশ।
পতিত-পাবন গুরু জ্ঞান উপদেশ॥
চিন্তামণি চতুর্ভুজ দেব চক্রপাণি।
দীনবন্ধু দেবকী-নন্দন যদুমণি॥
অনন্ত কৃষ্ণরে নাম অনন্ত মহিমা।
নারদাদি ব্যাসদেব দিতে নারে সীমা॥
নাম ভজ নাম চিন্ত নাম কর সার।
অনন্ত কৃষ্ণের নাম মহিমা অপার॥

শতভার সুবর্ণ গো কোটি কন্যাদান।
তথাপি না হয় কৃষ্ণ নামের সমান॥
যেই নাম সেই কৃষ্ণ ভজ নিষ্ঠা করি।
নামের সহিত আছে আপনি শ্রীহরি॥
শুন শুন ওরে ভাই নাম সংকীর্ত্তন।
যে নাম শ্রবণে হয় পাপ বিমোচন॥
কৃষ্ণনাম হরিনাম বড়ই মধুর।
যেই জন কৃষ্ণ ভজে সে বড় চতুর॥
ব্রহ্মা-আদি দেব যাঁরে ধ্যানে নাহি পায়।
সে ধনে বঞ্চিত হলে কি হবে উপায়॥
হিরণ্যকশিপুর উদর বিদারণ।
প্রহ্লাদে করিলা রক্ষা দেব-নারায়ণ॥
বলিরে ছলিতে প্রভু হইলা বামন।
দ্রৌপদীর লজ্জা হরি কৈলা নিবারণ॥
অষ্টোত্তর শতনাম যে করে পঠন।
অনায়াসে পায় রাধাকৃষ্ণের চরণ॥
ভক্তবাঞ্ছা পূর্ণ করে নন্দের নন্দন।
মথুরায় কংস-ধ্বংসে লঙ্কায় রাবণ॥
বকাসুর বধ আদি কালীয় দমন।
নরোত্তম দাস কহে নাম সঙ্কীর্ত্তন॥

॥ চৌত্রিশ পদাবলী ॥

ক, কলিযুগে শ্রীকৃষ্ণচৈতন্য অবতার।
খ, খেলিবার প্রবন্ধে কৈল খোল করতাল॥
গ, গড়াগড়ি যান প্রভু নিজ সংকীর্ত্তনে।
ঘ, ঘরে ঘরে হরিনাম দেন সর্ব্বজনে॥
ঙ, উচ্চৈঃস্বরে কান্দে প্রভু জীবের লাগিয়া।
চ, চেতন করান জীবে কৃষ্ণ-নাম দিয়া॥
ছ, ছল ছল করে আঁখি নেত্র-জল ঝরে।
জ, জগৎ পবিত্র কৈলা গৌর কলেবরে॥
ঝ, ঝলমল মুখ যাঁর পূর্ণ শশধর।
ঞ, এমত না দেখি আর দয়ার সাগর॥
ট, টলমল করে গোরা ভাবেতে বিভোল
ঠ, ঠমকে ঠমকে যায় বলে হরিবোল॥
ড, ডোরহি কৌপীন ক্ষীণ কটির উপরে।
ঢ, ঢলিয়া ঢলিয়া পড়ে গদাধর-ক্রোড়ে॥
ণ, আন্ পরসঙ্গ গোরা না শুনে শ্রবণে।
ত, তান মান গান রসে মজাইয়া মনে॥
থ, স্থির নাহি হয় প্রভুর নয়নের জল।
দ, দীনহীন জনেরে ধরিয়া দেন কোল॥
ধ, ধোয়াইয়া পূরব পিরীত পরসঙ্গ।
ন, না জানি কাহার ভাবে হইলা ত্রিভঙ্গ॥
প, প্রেমরসে ভাসাইলা অখিল সংসার।
ফ, ফুটিল শ্রীবৃন্দাবনে সুরধুনী ধার॥
ব, ব্রহ্মা মহেশ্বর ধ্যানে করে অন্বেষণ।
ভ, ভাবিয়া না পান যারে সহস্র-বদন॥
ম, মত্ত মাতঙ্গ গতি মধুর মন্দ হাস।
য, যশোমতী মাতা যার ভুবনে প্রকাশ॥

র, রতিপতি সম রূপ অতি মনোরম।
ল, লীলা লাবণ্য যার অতি অনুপম॥
ব, বসুদেব সুত সেই শ্রীনন্দ-নন্দন।
শ, শচীর নন্দন এবে বলে সর্ব্বজন॥
ষ, ষড়ভুজ-রূপ হৈলা অত্যাশ্চর্য্যময়।
স, সবাকার প্রাণধন গোরা রসময়॥
হ, হরি হরি বল ভাই কর মহাযজ্ঞ।
ক্ষ, ক্ষিতিতলে জন্মি কেহ না হও অবিজ্ঞ॥
চৌত্রিশ পদাবলী যে করিবে কীর্ত্তন।
দাস নরোত্তম মাগে তাঁহার চরণ॥

॥ শুক শারীর দ্বন্দ্ব ॥

বৃন্দাবন-বিলাসিনী রাই আমাদের।
রাই আমাদের, রাই আমাদের,
আমরা রাইয়ের রাই আমাদের॥
শুক বলে আমার কৃষ্ণ মদনমোহন।
শারী বলে আমার রাধা বামে যতক্ষণ,
নৈলে শুধুই মদন॥
শুক বলে আমার কৃষ্ণ গিরি ধরেছিল।
শারী বলে আমার রাধা শক্তি সঞ্চারিল,
নৈলে পারবে কেন॥
শুক বলে আমার কৃষ্ণের মাথায় ময়ূর-পাখা।
শারী বলে আমার রাধার নামটি তাতে লেখা,
ঐ যে যায় গো দেখা॥
শুক বলে আমার কৃষ্ণের চূড়া বামে হেলে।
শারী বলে আমার রাধার চরণ পাবে ব'লে,
চূড়া তাইতো হেলে॥
শুক বলে আমার কৃষ্ণ যশোদার জীবন।
শারী বলে আমার রাধা জীবনের জীবন,
নৈলে শূন্য জীবন॥
শুক বলে আমার কৃষ্ণ জগৎ চিন্তামণি।
শারী বলে আমার রাধা প্রেম প্রদায়িনী,
সে তোমার কৃষ্ণ জানে॥
শুক বলে আমার কৃষ্ণের বাঁশী করে গান।
শারী বলে সত্য বটে, বলে রাধার নাম,
নৈলে, মিছাই গান॥
শুক বলে আমার কৃষ্ণ জগতের গুরু।
শারী বলে আমার রাধা বাঞ্ছাকল্পতরু,
নৈলে কে কার গুরু॥
শুক বলে আমার কৃষ্ণ প্রেমের ভিখারী।
শারী বলে আমার রাধা প্রেমের লহরী,
প্রেমের ঢেউ কিশোরী॥
শুক বলে আমার কৃষ্ণের কদমতলায় থানা।
শারী বলে আমার রাধা করে আনাগোনা,
নৈলে যেত না জানা॥
শুক বলে আমার কৃষ্ণ জগতের কালো।
শারী বলে আমার রাধার রূপে জগত আলো
নৈলে আঁধার কালো॥

শুক বলে আমার কৃষ্ণের শ্রীরাধিকা দাসী।
শারী বলে সত্য বটে, সাক্ষী আছে বাঁশী,
নৈলে হতো কাশীবাসী॥
শুক বলে আমার কৃষ্ণ জগত জীবন।
শারী বলে আমার রাধা মধুর পবন,
নৈলে কি থাকে জীবন॥
শুক বলে আমার কৃষ্ণ জগতের প্রাণ।
শারী বলে আমার রাধা জীবন করে দান,
নইলে বাঁচে কি প্রাণ॥
শুক শারী দু'জনার দ্বন্দ্ব ঘুচে গেল।
প্রেমভরে সবে একবার হরি হরি বল,
শ্রীবৃন্দাবনে চল॥

শুক-শারীর দ্বন্দ্ব সমাপ্ত।

শ্রীশ্রীরাধিকার বারমাসী

জয় শ্রীচৈতন্য জয় প্রভু নিত্যানন্দ।
জয়াদ্বৈত চন্দ্র জয় শ্রীরাধা গোবিন্দ॥
মাঘেতে মাধব কৈল মথুরায় গমন।
দশদিক শূন্য হেরি নব বৃন্দাবন॥
ফাগুনে দ্বিগুণ দুঃখ চিত্তে উঠে রোল।
গোকুলে গোবিন্দ নাই কে করিবে দোল॥
চৈত্রেতে চাতকী পক্ষী নিকুঞ্জ কুটীরে।
প্রিয় প্রিয় রব করে, ডাকে উচ্চঃস্বরে॥
বৈশাখে বিদেশে গেছে, প্রিয় গুণমন্ত।
সে অবধি রাধিকার দুঃখের নাই অন্ত॥
জ্যৈষ্ঠে যমুনার জলে খেলিত বনমালী।
শ্যাম-অঙ্গে দিতাম জল অঞ্জলি অঞ্জলি॥
আষাঢ়ে নবীন মেঘ, ভ্রমণ গুঞ্জরে।
তা' দেখিয়া শ্রীরাধিকার কৃষ্ণ মনে পড়ে॥
শ্রাবণে সকলে মোরা, লয়ে প্রিয় সাথি।
নিকুঞ্জে বসিয়া হায়, গাঁথিতাম মালতী॥
ভাদরে ভরম নদী, দুকূল পাথার।
কেমনে হইব পার, না জানি সাঁতার॥
আশ্বিনে অম্বিকা পূজা, করে জগজ্জনে।
অবশ্য আসিবে প্রিয়, অষ্টমীর খেণে॥
কার্ত্তিকে করিল হরি, কালীয় দমন।
নানা জাতি পুষ্প ফুটে, অঙ্গেরি ভূষণ॥
অঘাণে শুনেছি সখি, অপরূপ কথা।
অক্রূর ধরেছে শিরে, নবদণ্ড ছাতা॥
পৌষেতে পত্র লিখি, দিলাম সখীর হাতে।
কে যাইবে মথুরায়, লোক নাই সাথে॥
শ্রীরাধিকার বারমাসী সমাপন হ'ল।
ভক্তগণ প্রেমানন্দে হরি হরি বল॥

সম্পূর্ণ